

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) সেডিমেন্টেশন ট্যাংক গিয়ার বক্স মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের ক্যালকুলেশন।
- (৫) কাজের সার্ভে রিপোর্ট
- (৬) সেডিমেন্টেশন ট্যাংক গিয়ার বক্স মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।
- (৭) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of different materials, spare parts and related services for sedimentation tank gearbox set under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৭ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডুস জোন অর্থাৎ মডুস জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে পয়ঃনেটওয়ার্ক/ট্রাংক মেইনের মাধ্যমে পয়ঃসমূহ প্লান্টের ইনলেট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে লিফট পাম্পের মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বার হয়ে ৪টি প্রাইমারী সেডিমেন্টেশন ট্যাংকে(ট্যাংক -১, ২, ৩ ও ৪) যায়। প্রতিটি সেডিমেন্টেশন ট্যাংকে ১টি করে মোট ৪টি অর্থাৎ ৩.৭ কিলোওয়াট ক্ষমতার সেন্ট্রাল ড্রাইভেন ইলেকট্রিক গিয়ারবক্স রয়েছে। উক্ত গিয়ারবক্স গুলো সেডিমেন্টেশন ট্যাংকের স্লাজ কালেক্টরের সাথে কাপলিং করা থাকে। স্লাজ কালেক্টর সেডিমেন্টেশন ট্যাংকের চারদিকে ঘুরে ঘুরে পয়ঃ সমূহের স্লাজ, স্লারিসহ অন্যান্য পার্টিকেল সেডিমেন্টেশন ট্যাংকের তলানীতে জমা হতে থাকে। যা পরবর্তিতে স্লাজ পাম্পের মাধ্যমে স্লাজ লেগুনে পাম্পিং করা হয়। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে পয়ঃসমূহ ৬০-৭০ % পরিশোধিত হয়। কোন কারনে গিয়ার বক্সে ত্রুটি দেখা দিলে পরিশোধিত পয়ঃ এর টারবিডিটি বৃদ্ধি পায়। সেই কারনে রোস্টার অনুযায়ী ২৪ ঘন্টাই স্লাজ কালেক্টর চালু রাখতে হয়। প্লান্টের বিদ্যমান গিয়ারবক্সগুলো ১৯৯১-৯২ সালে স্থাপন করা হয়েছে যা মেরামত, ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে চালু রাখা হচ্ছে। দীর্ঘদিন ধরে চলার ফলে বিভিন্ন সময় ৪টি গিয়ার মোটরেই সমস্যা দেখা দিচ্ছে। ফলে সঠিকভাবে পয়ঃসমূহ পরিশোধন করা সম্ভব হয় না। সেই কারনে গিয়ার বক্স সেট মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের জন্য বিভিন্ন মালামাল, স্পয়ার পার্টস ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে “Supply of different materials, spare parts and related services for sedimentation tank gearbox set under PSTP” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ’ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৯৭,৫৪০.০০(চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ(কোড ০১-০৪-০০৪) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৩০; প্যাকেজ নং- GSP2 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৭৮(১) অনুসরণে Open Tendering Method (OTM, e-gp) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of different materials, spare parts and related services for sedimentation tank gearbox set under PSTP" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর ৭৮(১) ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ২৪,৯৭,৫৪০.০০(চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত চল্লিশ) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বরাদ্দকৃত বাজেটের "পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ" (কোড ০১-০৪-০০৪) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



১২/০৫/২৬
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২২/০৫/২৬
উপ-বজাণীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২২/০৫/২৬
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


১২/০৫/২৬
(মির্জা গোলাম কিবরিয়া)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

১-৪। স্বাক্ষর অনুমোদিত।


১৩/০৫/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

Len, PST